# ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫৭তম (জুন ২০২৪ মাসের) সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | শাহিদ মাহমুদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বেলা ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২৫-০৪-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। মাঠ পর্যায়ে জনবল সংকট থাকা সত্ত্বেও ইপিআই এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় ইপিআই কভারেজ ও সার্ভিল্যান্স সন্তোষজনক। যক্ষা ও কুষ্ঠ রোগী সনাক্ত করার লক্ষ্যে ইউনিয় পর্যায়ে বাড়ী-বাড়ী সার্চিং কার্যক্রম অব্যহত আছে। উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ৮টি কমিউিনিটি ক্লিনিকের মাধ্যে কচুকাটা বানিয়া পাড়া কমিউনিটি ক্লিনিকে ০২টি নরমাল ডেলিভারী হয়েছে এবং কমিউিনিটি ক্লিনিকে ANC এবং PNC সহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। প্রান্তিক জনগোষ্ঠিকে নরমাল ডেলিভারীতে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে বোরো ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৩৭৭৫ হেঃ, শাকসবজি উৎপাদনের লক্ষ্যমাত্র ১৬০০হেঃ। মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের পরিচর্যার জন্য কৃষক পরামর্শ প্রদান করা হচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। | ১। চলতি বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন অর্জন করতে হবে এবং রোগ-বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ, শীতকালীন মাছের রোগবালাই দমন বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। | মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নীলফামারী সদর হতে মার্চ ২০২৪ মাসে ৬৪টি গবাদিপশু ও ৯২০০০টি হাঁস-মুরগির চিকিৎসা টিকা প্রদান করা হয়েছে এবং ২২৫০টি গবাদিপশু ও ১১১৬৭টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৩২০টি ও তরল সিমেনদ্বারা ৭২৮টি গবাদিপশুকে কৃত্রিম প্রজন করা হয়েছে এবং বেসরকারিভাবে ১টি গবাদিপশুর খামার স্থাপন করা হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১,০৭,৭৫৩ জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৯,১০৬ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৬১%, মোট গর্ভবতী ৩৪৬৪ জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৩৯ জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ১৬জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে মে-২০২৪ মাসে খাবার বড়ি ৩৪,২৮৪ চক্র, আপন ২২৯ চক্র, কনডম ১৩,৩৪৪ পিস, আই,ইউ,ডি ৪২ জন, ইমপ্ল্যান্ট ৬৯ জন ও ই,সি,পি ০৯ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০১ জন ও ১৭জন মহিলাসহ মোট ১৮জনকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সকল প্রকার ভাতা যথা সময়ে বিতরণের কার্যক্রম চলমান। | সকল প্রকার ভাতা নিয়মিত যথাসময়ে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** কার্যপত্রের মাধ্যমে জানা যায় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ"কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মার্চ ২০২৪ মাসে সদর উপজেলায় ভিডব্লিউবিকর্মসূচির পুষ্টি চাল বিতরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় প্রতিমাসে সদর উপজেলার ইউনিয়ন প্রতি ১৫ জন ও নীলফামারী পৌরসভায় ৫৪ জন করে অনলাইন আবেদন কার্যক্রম চলমান ও চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। ক্ষুদ্রঋণ দানকর্মসূচির আওতায় ঋণ আদায়কার্যক্রম চলমান। "কিশোর-কিশোরীক্লাব স্থাপন প্রকল্প" এর আওতায় ক্লাবসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে অনুদানের আবেদন মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয় ঢাকায় প্রেরণ করা হয়েছে। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রমসমূহ যথানিয়মে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক/প্রোগ্রাম অফিসার মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| **১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অগভীর নলকূপের স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| **১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| **১২. উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। সমবায় সমিতিতে শেয়ার বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ৮ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থীদের পেশাগত বিষয়ক জীবন ও জীবিকা, প্রোগ্রামিং ও নেটওয়ার্কিং বিষয়ে ৩৩০ জন শিক্ষকদের প্রশিক্ষণ গত ১০ ১০/০৬/২০২৪ তারিখ হতে ১৪/০৬/২০২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। ২০২৪ সালের ষান্মাষিক সামষ্টিক মূল্যায়ন আগামী ০৩/০৭/২০২৪ তারিখ হতে মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত ১৯টি প্রতিষ্ঠান মাল্টিমিডিয়া শ্রেণি কক্ষ নির্মাণের কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রকিয়া চলমান। | মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৪. <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. <u>বন বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) **খাদ্যগুদামে বর্তমান মজুদঃ**<br>চাল- ৬৮৭৭.০০০ মেঃ টন, ধান- ০ মেঃ টন, গম- ৬৪৪০.০০০ মেঃ টন<br>(২) **সংগ্রহ কার্যক্রম** ঃ আমন চাল/ধান সংগ্রহ/২০২৪ শেষ হয়েছে।<br>(৩) **বিলি/বিতরণ** ঃ জিআর, ইপি, ওপি, ভিডব্লিউবি, ভিজিএফ, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>(৪) **বাজারদর ঃ** ধান - ৩০/- থেকে ৩১/- প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৮/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৭০/- থেকে ১৭৫/- " " "<br>(৫) **ওএমএস কার্যক্রম** ঃ বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রিয় করা হচ্ছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা। নীলফামারী জেলা সদরে ওএমএস কার্যক্রমে কার্ডের মাধ্যমে চাল ও আটা বিক্রয়ের সরকারি নির্দেশনা পাওয়া যায়। ওএমএস কার্ড তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ভোক্তা ওএমএস কার্ড দিয়ে প্রতি সপ্তাহে একবার চাল ও আটা ক্রয় করতে পারবে।<br>(৬) **ভিডব্লিউবি কার্যক্রমঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে মার্চ ২০২৪ মাসে পুষ্টি চালের বরাদ্দ না থাকায় সাধারন চাল বিলি বিতরণ করা হচ্ছে।<br>(৭) **আমন চাল/ধান সংগ্রহ/২০২৩-২০২৪ঃ**<br>অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ/২০২৩-২৪ কার্যক্রম গত ফেব্রুয়ারি ২৪ মাসে সমাপ্ত হয়েছে। নীলফামারী সদর উপজেলায় আমন সংগ্রহ মৌসুমে প্রাপ্ত ধান ও চালের বরাদ্দের বিপরীতে ০.০০০ মেঃ টন ধান ও ৭৭১৫.২৫০ মেঃ টন (অতিরিক্ত বরাদ্দসহ) চাল সংগ্রহ করা হয়েছে। এছাড়া উপজেলায় ৭২২.৪৩০ মেঃ টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭২২.৪৩০ মেঃ টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। অচিরেই বোরো সংগ্রহ ২০২৪ শুরু হবে।<br>(৮) **টিসিবি ঃ** জানুয়ারি/২৪ হতে এপ্রিল/২৪ পর্যন্ত ০৪(চার) মাসে সারাদেশে ১ কোটি ভোক্তাকে টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয় করার নির্দেশনা পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে মার্চ/২০২৪ মাসে টিসিবি খাতে চালের ডিও ইস্যু পূর্বক চাল বিলি বিতরণ অব্যাহত রয়েছে।<br>(৯) **খাদ্যবান্ধব কর্মসূচীঃ**<br>নীলফামারী সদর উপজেলার ১৫টি ইউনিয়নে মার্চ ২০২৪ মাসে সরকারি নির্দেশনার প্রেক্ষিতে সর্বশেষ অনুমোদিত ৩০৫৭২ জন ভোক্তার মাঝে ৩০ কেজি হারে ৯১৭.১৬০ মেঃ টন পুষ্টি চাল সরবরাহ করা হয়েছে। | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের মে-২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। ৩য় পর্ব নমুনা দাগগুচ্ছ জরীপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বোরো ফসলের আনুমানিক হিসাব প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। বোরো ফসলের নমুনা কর্তন পরীক্ষার ফলাফল জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এস.ভি.আর.এস প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন ধরনের সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/ দলনেত্রীদের নিয়ে নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়। ২১ দিন ব্যাপী আনসার প্রশিক্ষণ কার্যক্রম চলমান সম্পন্ন হয়েছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওযা যায়নি। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণার্থী নির্বাচন শেষে প্রশিক্ষণ প্রদান করা হবে। | বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে আত্মনির্ভরশীল গড়ে তুলতে হবে। | সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ): নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর আওতায় আসন্ন আসন মৌসুমে ৫১(একান্ন) টি (৩৩টি গভীর নলকূপ, ১১টি বৈদ্যুতিক এলএলপি, ০৭টি সোলার এলএলপি) সেচযন্ত্র প্রস্তুত রয়েছে।<br>তিনি আরোও জানান যে, নীলফামারী সদর উপজেলায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি) কর্তৃক রংপুর অঞ্চলে সেচ দক্ষতাবৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার নিম্নবর্ণিত কাজের তালিকা করা হয়েছে। এ সমস্ত কাজের তালিকা ডিপিপি অন্তর্ভূক্ত করার জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। স্কীম সমূহের বিস্তারিত বিবরণ থেকে সংক্ষিপ্তভাবে কাজের আইটেম অনুযায়ী তালিকাসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি) কর্তৃক রংপুর অঞ্চলে সেচ দক্ষতাবৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার উল্লেখিত কাজের তালিকা ডিপিপি অন্তর্ভূক্ত করার জন্য উপজেলা পরিষদে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |

| ক্রম | প্রকল্পের আওতায় প্রস্তাবিত প্রধান প্রধান কার্যক্রম | একক | সংখ্যা |
|---|---|---|---|
| ১ | আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ ২-কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি/সেচযন্ত্র ক্রয় | সেট | ৩ |
| ২ | সৌরশক্তি চালিত ২-কিউসেক সেচযন্ত্র ক্রয় ও স্থাপন (সোলার প্যানেল ও আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ) | সেট | ৩ |
| ৩ | ২-কিউসেক গণকূ স্কীম সৌরশক্তিতে রূপান্তর (সোলার প্যানেল স্থাপন, পাম্প ও আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ) | সেট | ৮ |
| ৪ | আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ ১-কিউসেক বিদ্যুৎচালিতএলএলপি/সেচযন্ত্র ক্রয় | সেট | ১৯ |
| | সৌরশক্তি চালিত ১-কিউসেক সেচযন্ত্র ক্রয় ও স্থাপন (সোলারপ্যানেল স্থাপন ও আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ) | সেট | ৬ |
| | সৌরশক্তি চালিত ০.৫-কিউসেক সেচযন্ত্র ক্রয় ও স্থাপন (ডুয়েলপাম্পিং, সোলারপ্যানেল ও আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ) | সেট | ৮ |
| | পাতকুয়ারজন্য ০.৫-কিউসেক ডিসচার্জ সম্পন্ন সৌরশক্তি চালিতপাম্প ক্রয় ও স্থাপন (সোলারপ্যানেল ও আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ) | সেট | ৯ |
| | পুরাতন ২-কিউসেক গনকূরিসিংকিং | সেট | ৬ |
| | আনুষঙ্গিক সরঞ্জামাদিসহ ২-কিউসেক বিদ্যুৎচালিতসাবমার্সিবলপাম্প ক্রয় রিসিংকিং-১২৮, প্রতিস্থাপন-১৬০) | সেট | ১০ |
| | আনুষঙ্গিক মালামালসহ ৪-স্ট্রোকইঞ্জিনচালিতমিনিভাসমানপাম্প ক্রয় | সেট | ২ |
| | নেটমিটারিং এর জন্য আনুষঙ্গিক মালামাল ক্রয় ও স্থাপন | সেট | ৮ |
| | কম্বাইনহারভেস্টর (আনুষঙ্গিক মালামালসহ) | টি | ১ |
| | রাইসট্রান্সপ্লান্টার (আনুষঙ্গিক মালামালসহ) | টি | ১ |
| | াধুনিকপদ্ধতিতেধানেরচারাউৎপাদনের ট্রে সংগ্রহ ও সরবরাহ | কৃষক গ্রুপ | ১ |
| | র্ষণযন্ত্র (পাওয়ারটিলারট্রলিসহ) ও (আনুষঙ্গিক মালামালসহ) | টি | ১ |

চলমান

| | | | |
|---|---|---|---|
| ১৬ | সমাপ্তপ্রকল্পের ১/০.৫-কিউসেক সোলার স্কীমের ক্ষতিগ্রস্থ প্যানেল, কন্ট্রোলার ক্রয় ও স্থাপন | সেট | ৪ |
| ১৭ | ফসলেরমাঠে ও চরেআরসিসি গোপাট (সাবমার্জড রোড) নির্মাণ | কিমি | ২ |
| ১৮ | খালপুন:খনন (গড়ে ১২০০০ ঘনমিটার/ কিঃমিঃ) | কিমি | ৯.৮ |
| ১৯ | পূর্বে পুনঃখননকৃত খালসংস্কার (পলিঅপসারন, পাঁড়বাধাই) সার্ভে, ড্রইং ও ডিজাইনসহ | কিমি | ১ |
| ২০ | ২-কিউসেক পুরাতন গণকূ স্কীমের ভূ-গর্ভস্থ সেচনালাবর্ধিতকরণ (প্রতিটি ২৫০মি.মি. ডায়া ৫০০মি. দৈর্ঘ্য) | টি | ২৪ |
| ২১ | পুরাতন ১-কিউসেক এলএলপি সেচ যন্ত্রের ভূ-গর্ভস্থ সেচনালা বর্ধিতকরণ (প্রতিটি ২০০মি.মি. ডায়া ২০০মি. দৈর্ঘ্য) | টি | ৬ |
| ২২ | পুরাতন ০.৫-কিউসেক সোলার এলএলপি স্কীমে ভূ-গর্ভস্থ সেচ নালা বর্ধিতকরণ (প্রতিটি ২০০মি.মি. ডায়া ৪০০মি. দৈর্ঘ্য) | টি | ৪ |
| ২৩ | জলাবদ্ধতা দূরীকরণ | কিমি | ২ |
| ২৪ | ২-কিউসেক গণকূ স্কীমে নেটওয়ার্কিং সেচ নালা নির্মাণ (প্রতিটি ২০০, ১৬০, ১১০মি.মি. ডায়া ৫০০মিটার দৈর্ঘ্য) | কিমি | ১০ |
| ২৫ | ছোট আকারের হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ (ক্যাটল ক্রসিং, কালভার্ট ও বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা) | টি | ৫ |
| ২৬ | মাঝারী আকারের হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ (কালভার্ট ও বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা) | টি | ৩ |
| ২৭ | বড় আকারের হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ (কালভার্ট ও বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা) | টি | ২ |
| ২৮ | খালের পাড়ে কৃষক ছাউনি নির্মাণ | টি | ৬ |
| ২৯ | প্রকল্প এলাকায়বজ্র নিরোধক যন্ত্র সরবরাহসহ স্থাপন | টি | ৪ |
| ৩০ | স্মার্ট ফার্মিং স্থাপন ও আনুষঙ্গিক কাজ | টি | ১ |
| ৩১ | নেট মিটারিং এর জন্য সেচযন্ত্রে বিদ্যুতায়ন | টি | ৮ |
| ৩২ | অফিস ভবনসমূহে (সার্কেল, রিজিয়ন, জোন, ইউনিট) সোলার সিস্টেম নির্মাণ | সেট | ২ |
| ৩৩ | কৃষক প্রশিক্ষণ | ব্যাচ | ১ |
| ৩৪ | সেচ অবকাঠামো সংস্কার | সংখ্যা | ৯ |

| | | |
|---|---|---|
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, আসন্ন পাট মৌসুমে নির্বাচিত ৩০০০জন কৃষককে ১ কেজি হারে পাট বীজ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের মাধ্যমে বিতরণ কার্যক্রম চলমান। | রাসায়নিক সার যথাসময়ে বিতরণ করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয় নির্দেশনা মোতাবেক উঠান বৈঠক কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে। | উঠান বৈঠকে উপস্থিত থাকার জন্য ইউপি চেয়ারম্যানগণকে আমন্ত্রণ জানাতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-০২২ অর্থ বছরের অর্থ হতে অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত ১০(দশ) লক্ষ টাকায় অনুমোদিত কটি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মধ্যে সদর উপজেলার রামগনগর, কন্দুপকুর এবং ড়া বড়গাছার রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজ সম্পন্ন হওয়ায় ঠিকাদারী ষ্ঠান সাউদার্ন রিনিউএবল এনার্জী লিমিটেড কর্তৃক ৯১১২৯৬/- টাকার বিল দাখিল ছেন। উক্ত বিল হতে ৭.৫% হারে ভ্যাট বাবদ =৬৮৩৪৭/-টাকা এবং ৩% হারে কর বাবদ=২৭৩৩৯/-টাকা কর্তন করে নিট=৮১৫৬১০/- টাকার বিল বর্ণিত দারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের লক্ষ্যে বিলটি অনুমোদনের জন্য ইউজিডিপি ায়ে প্রেরণ করা হয়েছে। এজন্য তিনি সভায় ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব পেশ । | ২০২১-২০২২ অর্থ বছরের অর্থ হতে অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত ১০(দশ) লক্ষ টাকায় নীলফামারী উপজেলার রামগনগর, কন্দুপকুর ও চওড়া বড়গাছার রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজ সম্পন্ন হওয়ায় হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিকৃত ব্যয় ভাউচার ইউজিডিপি কার্যালয়ে প্রেরণের ভূতাপেক্ষ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, নীলফামারী সদর, নীলফামারী। |

্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ২৫ এপ্রিল ২৪ জুন ২০২৪ পর্যন্ত সময়ের নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে তিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| । বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০২৩-২৪ | ০৪/০৬/২০২৪ | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মালী ও ১জন সুইপারের এপ্রিল ২৪ মাসের ২২দিনের মজুরি বিল | ২২০০০.০০ |

চলমান

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১৪/২০২৩-২৪ | ০৪/০৬/২০২৪ | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মালী ও ১জন সুইপারের মে ২৪ মাসের মজুরি পবিত্র ঈদুল আযহা উৎসব ভাতা বিল | ৩১৫০০.০০ |
| ১১৫/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০২৪ মাসের সম্মানী ভাতা বিল | ৪৫০০০.০০ |
| ১১৬/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০২৪ মাসের (১-২৭ দিনের) সম্মানী ভাতা বিল | ২৭০০০.০০ |
| ১১৭/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০২৪ মাসের মাসের সম্মানী ভাতা বিল | ২৭০০০.০০ |
| ১১৮/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর মে ২০২৪ মাসের সম্মানী ভাতা বিল | ৪৫০০০.০০ |
| ১১৯/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০২৪ মাসের মাসের সম্মানী ভাতা বিল | ২৭০০০.০০ |
| ১২০/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | নীলফামারী সদর উপজেলাধীন কুন্দপুকুর ও সোনারায় ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ৭টি পরিবারকে রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৪০০০০.০০ |
| ১২১/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর মার্চ ও এপ্রিল ২০২৪ মাসের জ্বালানী বিল | ৫১৭০৬.০০ |
| ১২২/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | উপজেলা পরিষদের এপ্রিল হতে জুন ২০২৪ পর্যন্ত ইন্টারনেট ব্যয় বিল আর্সিল কম্পিউটার, নীলফামারীকে প্রদান | ৩১৫০.০০<br>২৫০০০.০০ |
| ১২৩/২০২৩-২৪ | ০৯/০৬/২০২৪ | জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন ব্যয় বিল | ২০০০০০.০০ |
| ১২৪/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদ চত্বরে সিসিটিভি স্থাপন ব্যয় বিল | ২০০০০০.০০ |
| ১২৫/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় ব্যয় বিল। | ২০০০০০.০০ |
| ১২৬/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা রোপন ব্যয় বিল | ২০০০০০.০০ |
| ১২৭/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (পার্ট-১) ব্যয় বিল | ২০০০০০.০০ |
| ১২৮/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত (পার্ট-২) ব্যয় বিল | ২০০০০০.০০ |
| ১২৯/২০২৩-২৪ | ২০/০৬/২০২৪ | উপজেলা পরিষদ চত্বরে সিসিটিভি স্থাপন ও সীমানা প্রাচীর মেরামত ব্যয় বিল | ৯০০০০.০০ |
| ১৩০/২০২৩-২৪ | ২৪/০৬/২০২৪ | নীলফামারী সদর উপজেলাধীন খোকশাবাড়ী, সংগলশী, ও পৌরসভা বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ১২টি পরিবার ও টুপামারী ইউনিয়নে সড়ক দুর্ঘটনায় নিহত ১জন ব্যক্তির পরিবারকে আর্থিক সহায়তা প্রদান বিল। | |

আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট অনুমোদন।

সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট উপস্থাপন করা হয়। উক্ত বাজেটের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি বিবিধ ০৩ ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর দৈনিক ভাতা বিল অনুমোদন।

সভায় আলোচনাকালে জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান এবং জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান-উপজেলা পরিষদ, নীলফামারী সদর কর্তৃক নিম্নোক্তভাবে দৈনিক ভাতা বিল অনুমোদনের জন্য দাখিল করেন। যার বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রমিক নং | নাম ও পদবি | দৈনিক ভাতা দাবীকৃত মাসের নাম | মোট দৈনিক ভাতা |
|---|---|---|---|
| ০১ | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান | জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত | ৯৮৭৫০.০০ |
| ০২ | জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান | জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত | ৫০০০০.০০ |
| ০৩ | জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান | জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত | ৫৫০০০.০০ |

স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৯ ডিসেম্বর, ২০১২খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২২.০০.০০.০০২.২০১২-৬৯২নং অফিস আদেশ মোতাবেক দৈনিক ভাতা বিল উপজেলা পরিষদ, রাজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা রয়েছে। সভায় বিলগুলি পরিশোধের নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান এবং জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান-উপজেলা পরিষদ এর দাবীকৃত দৈনিক ভাতা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)<br>
চেয়ারম্যান<br>
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.২৩(৫০)

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা.........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,......................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

৩০/০৬/২৪

(মোঃ আশরাফুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর-০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইল: unonilphamari@mopa.gov.bd

৩০/০৬/২৪

CamScanner